

<p>উপ-পরিচালকের দপ্তর কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র (কের্যাক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পানি ভবন, লেভেল-৮, ব্লক-জি, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫। টেলিফোন : ০২-২২২২৩০১৪৪ ই-মেইল: dd.crac.bwdb@gmail.com</p>	<p>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</p>   <p>Bangladesh Water Development Board</p>	<p>Office of the Deputy Director Central Regional Accounting Centre (CRAC), BWDB Pani Bhaban, Level-8, Block-G 72, Green Road, Dhaka-1205 Telephone : 02-222230144 E-mail: dd.crac.bwdb@gmail.com</p>
--	---	---

স্মারক নং-কেঃআঃহিঃকেন্দ্র/পাউবো/ ৩২

তারিখঃ- ২৪/৪/২০২২

বিষয়ঃ- বেতন-ভাতাদি উত্তোলনের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

সূত্রঃ- বাপাউবো (অর্থ) উবাত শাখা/১৯ (খণ্ড-৭)/৩৮২, তারিখঃ ৫ জানুয়ারি ২০২১ খ্রিঃ।

কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা দপ্তরটি বোর্ডের অন্যান্য দপ্তরের সাথে মতিঝিল হইতে গ্রীনরোডস্থ পানি ভবনে স্থানান্তরিত হওয়ায় মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারীকৃত সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-কেঃআঃহিঃকেন্দ্র/পাউবো/১৭৮, তারিখঃ ১০/০১/২০২১ খ্রিঃ মোতাবেক অত্র দপ্তরের সংস্থাপন হিসাব, পেনশন হিসাবসহ অন্যান্য ব্যাংক হিসাব জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখায় খোলা হইয়াছে।

বোর্ডের স্মারক নং-১৮৪-পাউবো (সচি)/অহিনি-২, তারিখঃ ১১/০৯/২০২০ খ্রিঃ এবং স্মারক নং- ১৩০-পাউবো (সচি)/অহিনি/পরিঃহিঃ/প্রশাঃ-২, তারিখঃ ০৭/০২/২০১৮ খ্রিঃ মোতাবেক যে ব্যাংকের যে শাখায় ব্যাংক দপ্তরের সংস্থাপন হিসাব পরিচালিত হইতেছে শুধুমাত্র সেই ব্যাংকের সেই শাখায় কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত ব্যাংক হিসাব খুলে বেতন-ভাতাদি গ্রহণের বাধ্যবাধকতা থাকায় আপনার দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর নিজ নিজ ব্যাংক হিসাব জরুরী ভিত্তিতে জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখায় খুলে আইডি নম্বরসহ স্ব স্ব নামের হিসাব নম্বরটি জানুয়ারি/২০২১ মাসের হাজিরা বিবরণীতে উল্লেখ পূর্বক আগামী ২৩/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।

ব্যাংক হিসাব খোলার ব্যাপারে জনাব মোঃ মজিবুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক, গ্রীনরোড কর্পোরেট শাখা (টেলিফোন-৫৮১৫৪১৪৯, ০১৭২০-২৭২৬৯০)- এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

(মোঃ কামাল হোসেন)  
উপ-পরিচালক (অঃদাঃ)  
কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র,  
বাপাউবো, ঢাকা।

সিনিয়র সিস্টেম এনালিস্ট  
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর,  
বাপাউবো, ৭২ গ্রীনরোড, ঢাকা।

অনুলিপিঃ- জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ-

১। সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকা। অত্র দপ্তরের পরিশোধ আওতাধীন দপ্তরসমূহের নামসহ কর্মরত জনবলের তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হইল। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত ব্যাংক হিসাব খোলার ব্যাপারে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হইল।